

ভাংচুর : এডিসি প্রহৃত : ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ বন্ধ

।। নিম্নস্ব সংবাদদাতা ।।
ব্রাহ্মণবাড়িয়া, ১৭ই জুলাই।-এক
অগ্নীভিকর ঘটনাকে কেন্দ্র করে

ব্রাহ্মণ বাড়িয়া সরকারী কলেজ
অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা
হয়েছে।

ঘটনার বিবরণে প্রকাশ, সরকারী
কলেজের আসন্ন ছাত্র সংসদ নির্বাচনে
একজন প্রার্থীর নাম অবৈধভাবে
অন্তর্ভুক্ত করার পায়তারার প্রতিবাদে
একটি বিক্ষোভ মিছিল বের করা হয়।

বিক্ষোভকারীরা অতিরিক্ত জেলা
প্রশাসককে প্রহার ও তার জীপ ভাঙুর
করে। প্রহারে তিনি আহত হন।
(শেষ পৃঃ ৪-এর কঃ চঃ)

কলেজ বন্ধ

(প্রথম পৃষ্ঠার পর)

সরকারী হাসপাতালে তার চিকিৎসা
করা হয়।

পরে বিক্ষোভকারীরা ডিসি ও
জেলা জজ অফিসে হামলা চালায় এবং
ডিসির গাড়ি ভাঙুর করে। তাদের
হামলায় দুটি অফিসেরই ক্ষতি হয়।

এর পর এই দলটি সরকারী
কলেজে যায় এবং কলেজের প্রশাসনিক
ভবনে অপর এক ছাত্রদলের লাগিয়ে
দেয়া তাল ভেঙ্গে ফেলে। তারা অধ্যক্ষ
ও উপাধ্যক্ষের অফিস লাইব্রেরী এবং
শিক্ষক মিলনায়তনের আসবাবপত্র
ভাঙুর করে ও একটি কক্ষে আগুন
লাগিয়ে দেয়।

এ ব্যাপারে ডিসির পক্ষ থেকে দুটি
ও কলেজের পক্ষ থেকে একটি মামলা
দায়ের করা হয়েছে।

ঘটনা সম্পর্কে পরস্পরকে দায়ী
করে দুটি ছাত্র সংগঠন পৃথক পৃথক
বিবৃতি দিয়েছে। পুলিশ এ ব্যাপারে
এখনো কাউকে গ্রেফতার করেনি।

৫৬

127